

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৫৮.২০২৩. ৪২০


তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মো: আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি, প্রাক্তন প্রভাষক (হিসাববিজ্ঞান) নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী এর বিরুদ্ধে আদি প্রকাশনী, বাড়ি#৩১৫/এ, রোড#১৫ (পুরাতন), ৮/এ(নতুন) পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৯ কর্তৃক জনাব আমিনুল বর চৌধুরী (অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব) এবং জনাব মো: এমদাদুল হক (অবসরপ্রাপ্ত সিনিয়র লাইব্রেরিয়ান) কর্তৃক লিখিত “নিরীক্ষা ও হিসাব (দ্বিতীয়পত্র)” বইটি হবহ কপি (নকল) করার অভিযোগ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রমানিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব মো: আব্দুর রাজ্জাক  
প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি।

**স্থায়ী ঠিকানা:**

জনাব মো: আব্দুর রাজ্জাক  
পিতা: মো: হযরত আলী  
গ্রাম: গোকুল নগর পশ্চিমপাড়া, ডাকঘর-খিদিরপুর  
উপজেলা-আটঘরিয়া, জেলা-পাবনা।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগ বিবরণী

জনাব মো: আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি, প্রাক্তন প্রভাষক (হিসাববিজ্ঞান) নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী এর বিরুদ্ধে আদি প্রকাশনী, বাড়ি#৩১৫/এ, রোড#১৫ (পুরাতন), ৮/এ(নতুন) পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৯ কর্তৃক জনাব আমিনুল বর চৌধুরী (অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব) এবং জনাব মো: এমদাদুল হক (অবসরপ্রাপ্ত সিনিয়র লাইব্রেরিয়ান) কর্তৃক লিখিত “নিরীক্ষা ও হিসাব (দ্বিতীয়পত্র)” বইটি হবহ কপি (নকল) করার অভিযোগ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রমানিত হয়েছে;

জনাব মো: আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি প্রাক্তন প্রভাষক (হিসাববিজ্ঞান) নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
০২/০২/১৬  
(সোলেমান খান)  
সচিব